# ‘Hour of Code’ ক্যাম্পেইন গাইডলাইন

**‘Hour of Code’** হচ্ছে এমন একটি ইভেন্ট, যেখানে শিক্ষার্থীরা কোডিং সম্পর্কে জানবে এবং হাতে কলমে কোডিং শিখবে। আমরা জানি, কোডিং মূলত লজিক সমাধানের মাধ্যমে সম্পন্ন করা হয়। যেকোনো ধরণের পাজল, সুডোকো, ফ্লোচার্ট মিলানোকে কোডিং-এর মূল ভিত্তি হিসেবে বিবেচনা করা হয়। **আগামী ১০-২০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ,** মাধ্যমিক স্তরের সকল শিক্ষার্থী এতে অংশগ্রহণ করতে পারবে। ইভেন্টটি সফলভাবে সম্পন্ন করার জন্য বিস্তারিত কর্মপরিকল্পনা সংযুক্ত করা হলো।

## কর্মপরিকল্পনা


১। শিক্ষার্থীরা প্রথমে কানেক্ট প্লাটফর্মে (https://konnect.edu.bd) প্রবেশ করবে। প্রবেশ করা মাত্রই একটি Pop-up এর মাধ্যমে “আওয়ার অব কোড” এর অংশগ্রহণ করার জন্য একটি পোস্টার ল্যান্ডিং পেইজে চলে আসবে। নেটওয়ার্ক জনিত কারণে যদি Pop-up টি না আসে, তবে পেইজটি reload করতে হবে। অথবা https://shorturl.at/xfZC৯ এই লিংকে প্রবেশ করলেও ‘আওয়ার অব কোড’ এর ওয়েবসাইটে প্রবেশ করতে পারবে।




২। ‘আওয়ার অব কোড’-এর ওয়েবপেইজ-এ ৩টি ধাপ দেখা যাবে। যার নিচেই ‘Hour of Code’ এর সার্টিফিকেট পেতে তোমার প্রয়োজনীয় তথ্যগুলো দাও- অপশনে ক্লিক করবে।



- **১ম ধাপে** শিক্ষার্থী তার সার্টিফিকেটের জন্য গুগলফর্মে তথ্য প্রদান করে Submit বাটনে ক্লিক করবে।


"Hour of Code"-এর সার্টিফিকেট পেতে তোমার প্রয়োজনীয় তথ্যগুলো দাও

* Indicates required question

Name/নাম *

Your answer

Institute/প্রতিষ্ঠান *

Your answer

Division/বিভাগ *

Choose


District/জেলা *

Choose

Submit

Clear form

- তথ্য submit করার পর আওয়ার অব কোড এর গেইমগুলো খেলতে নিচের লিংকী প্রবেশ করতে হবে


"Hour of Code"-এর সার্টিফিকেট পেতে তোমার প্রয়োজনীয় তথ্যগুলো দাও

আওয়ার অব কোড ইন বাংলাদেশ-২০২৫

'আওয়ার অব কোড' এর গেইমগুলো খেলতে নিচের লিংকে প্রবেশ কর

https://sites.google.com/d/1-c3X9VqlD7MsZqwj6YvuZNEGdLk6ecUc/p/1dycvytEFLGQy-_enJKilv5j5c5SUV4aY/edit

- ২য় ধাপে শিক্ষার্থী/শিক্ষক কোডিং এর কনটেন্টগুলো সম্পর্কে বিস্তারিত পেতে উল্লেখিত **“কোডিং এর নির্দেশিকাটি ডাউনলোড করতে ক্লিক করো’** বাটনে ক্লিক করে নির্দেশিকাটি ডাউনলোড করে নিবে।
- ৩য় ধাপে শিক্ষার্থী ‘আওয়ার অব কোড’-এর এবারের কোডিং কনটেন্ট গুলো পেয়ে যাবে এবং কোডিং নিয়ে আরো কনটেন্ট পেতে অফিসিয়াল ওয়েবসাইটে প্রবেশ করতে পারবে এবং নির্দেশিকা মোতাবেক কোডিং এর কোর্সগুলো সম্পন্ন করে সার্টিফিকেট অর্জন করবে।




# ‘খেলার ছলে কোডিং করার নিয়ম’

## Build a 3D/AR Solar System

১। সার্চ বাটনে ক্লিক করে “**Build a 3D/AR Solar System**” সার্চ করি





২। কনটেন্টটির পপ আপ চলে আসলে স্টার্ট করি




৩/ Start Coding ক্লিক করি




৪। এই কনটেন্টটির মূল থিম হচ্ছে সৌরজগতের সূর্য, গ্রহ উপগ্রহকে নিয়মমাফিক সাজানো। এই কনটেন্ট এর ইন্টারফেসটিকে ৪ টি ভাগ করতে পারে। প্রথমে উপরের দিকে কোডের ইন্সট্রাকশন দেওয়া থাকবে। এর পরে নিচের দিকে হাতের বাম পাশে ব্লক থাকবে, সেই ব্লক থেকে উপযুক্ত ব্লককে মাঝের অংশে নিয়ে আসতে হবে. উপযুক্তভাবে ব্লকগুলোকে সাজাতে হবে।




৫। প্রথমেই আমরা সৌরজগতে সূর্যকে বসাবো। বাম পাশ থেকে ইন্সট্রাকশনের ব্লক এনে মাঝে ইন্সট্রাকশনকে সাজাবো এবং পরবর্তীতে প্লে বাটনে ক্লিক করবো।



৬। এতে করে সৌরজগতে সূর্য তৈরী হয়ে যাবে



৭। সফলভাবে লেভেল শেষ হলে কংগ্রেচুলেশন দেখাবে। পরের লেভেল খেলতে Continue to Step 2 এ ক্লিক করতে হবে।





৮। এভাবে সবগুলো লেভেল সফলভাবে সম্পন্ন করার ফলে সার্টিফিকেট অর্জন করা যাবে।

## Music Lab: Jam Session


১। Hour of Code এর ওয়েবসাইটে প্রবেশ করি। একটু নিচের দিকে Explore Activities এ ক্লিক করার পর প্রথমেই Music Lab: Jam Session গেমটির পপ আপ চলে আসলে কনটেন্টটি স্টার্ট করি।




২। কনটেন্ট-এ প্রবেশ করেই প্রথমে দুটি প্রধান ক্ষেত্র দেখতে পাই: বাম প্যানেল, যাতে ড্রাম, সুর এবং সাউন্ড ব্লক রয়েছে এবং প্রধান ক্যানভাস, একটি গ্রিড যেখানে আমরা সঙ্গীত তৈরি করবো। শুরু করতে, বাম প্যানেল থেকে সাউন্ড ব্লকগুলি টেনে আনি এবং সেগুলোকে প্রধান ক্যানভাসে When Run এর নিচে ফেলে দিই।




৩/ আমরা সারিগুলিতে এক এক করে বিভিন্ন ব্লক স্থাপন করে শব্দগুলো Layer করতে পারি, যেমন ১ সারিতে ড্রাম এবং ২ সারিতে সুর যোগ করে এবং উপযুক্ত কলামগুলিতে তাদের অবস্থান করে তাদের সময় সামঞ্জস্য করতে পারি। ভলিউম বা গতি পরিবর্তন করতে একটি ব্লক ক্লিক করি।





৪/ আমাদের মিউজিক শুনতে 'Play' চাপি, বিরতি দিতে 'Stop' ব্যবহার করি। ব্লকগুলো মনমত যোগ করা হয়ে গেলে আমরা 'Run' চাপি ও আমাদের নিজের তৈরি সঙ্গীত উপভোগ করি!

## Code with Anna and Elsa

১/ প্রথমে গুগলে গিয়ে সার্চবারে গিয়ে নিচের এড্রেসটি লিখি


https://studio.code.org/s/frozen



২/ কনটেন্টটির ইন্টারফেস চলে আসলে Try Now এ ক্লিক করি।




৩/ পপ আপ ভিডিও চলে আসবে। ভিডিওটি দেখি।





৪/ Ok ক্লিক করি



৫/ এই কনটেন্ট এর ৪টি পার্ট। একদম উপরে সব ধরণের ইন্সট্রাকশন থাকবে। মাঝে বেশ কিছু ব্লক আছে। উপরে প্রদত্ত ইন্সট্রাকশন অনুযায়ী মাঝে থেকে ব্লক নিয়ে ডান পাশে ব্লকগুলোকে নিয়মমাফিক সাজাতে হবে। যদি সফল হয় তাহলে একদম বাম পাশে গেমের মেইন ক্যারেক্টারটি মুভি করবে ।





৬/ সফলভাবে শেষে পপ আসবে। সফলভাবে লেভেল ১ শেষ হলে পরবর্তী লেভেল শুরু হবে। এভাবে সবগুলো লেভেল সফলভাবে সম্পন্ন করার ফলে সার্টিফিকেট অর্জন করা যাবে।




# Space Adventure

১/ সার্চ বাটনে ক্লিক করে “Space Adventure” বা
[https://www.codemonkey.com/hour-of-code/space-adventure/](https://www.codemonkey.com/hour-of-code/space-adventure/) সার্চ করি।





২/ কনটেন্টটির পপ আপ চলে আসলে কনটেন্টটি স্টার্ট করি



৩/ Start Playing- Login not required এ ক্লিক করি





৪/ কনটেন্টটির এরকম ইন্টারফেস চলে আসবে।




৫/ কনটেন্টটির মূল থিম হচ্ছে বানর মহাশূন্যে ভাসছে। তার লক্ষ উদ্দেশ্য করে হোক কলা খাওয়া। সে উপরে নিচে ডানে বামে যেয়ে কলাটি সংগ্রহ করবে।

৬/ নিচের দিকে বানরের মুভমেন্ট ইন্সট্রাকশন আছে। Move- Left, Right, Up, Down

বানর থেকে কলার দূরত্ব অনুযায়ী ইন্সট্রাকশন দিতে হবে। পর্যাপ্ত ইন্সট্রাকশন দেওয়ার পরে Run বাটনে ক্লিক করতে হবে। তখন ইন্সট্রাকশন অনুযায়ী বানর তার গন্তব্যের দিকে চলে যাবে। যদি ইন্সট্রাকশন ভুল হয় তাহলে দেখাবে আবার চেষ্টা করার জন্য, যদি সফল হয় তাহলে পরের লেভেলে চলে যাবে




চিত্র- ভুল ইন্সট্রাকশনে আবার চেষ্টা করুন




চিত্র- সফল ইন্সট্রাকশনে, পরের লেভেলে যাওয়া যাবে

৭/ এভাবে সবগুলো লেভেল সফলভাবে সম্পন্ন করার ফলে সার্টিফিকেট অর্জন করা যাবে

চিত্র- সার্টিফিকেট নমুনা

